# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৯০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. প্রথম অনুচ্ছেদ - রাতের সালাত

بَابُ صَلَاةِ اللَّيْلِ

## আরবী

وَعَنْهَا قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صَلَّى رَكْعَتَيِ الْفَجْرِ اضْطَجَعَ عَلَى شقِّه الْأَيمن

## বাংলা

১১৯০-[৩] উক্ত রাবী ['আয়িশাহ্ (রাঃ)] থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফাজ্‌রের (ফজরের) দু’ রাক্’আত সুন্নাত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে নিজের ডান পাঁজরের উপর শুয়ে যেতেন। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১১৬০, মুসলিম ৭৩৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (اضْطَجَعَ عَلى شِقِّهِ الْأَيْمَنِ) তিনি ডান কাতে শয়ন করতেন। কেননা তিনি সকল কাজ ডান দিক থেকে শুরু করা পছন্দ করতেন বিধায় ডান কাতে শয়ন করতেন। অথবা তিনি তাঁর উম্মাতের জন্য এ ক্ষেত্রে করণীয় বিধান জানানোর উদ্দেশে এরূপ করতেন। কেননা কলবের অবস্থান বাম পাশে। যদি কেউ বাম পাশে শয়ন করে তা হলে অধিক আরামের কারণে তিনি ঘুমে ডুবে যাবেন যা ডান কাতে শয়নের মধ্যে হবে না। কারণ এমতাবস্থায় কলব ঝুলন্ত থাকবে ফলে ঘুম কম হবে। তবে তা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ক্ষেত্রে প্রযোজ্য নয়। কেননা তাঁর চোখ ঘুমালেও অন্তর ঘুমায় না। আর এ হাদীসটিও পূর্বের হাদীসদ্বয়ের ন্যায় ফাজরের (ফজরের) সুন্নাত আদায়ের পর শয়ন করা মুস্তাহাব হওয়ার দলীল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55750

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন